গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০১.২৫.০০১.২৪-২৭৩৭ তারিখঃ২৩/০৮/২০২৬ খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতায় ২০২৬-২৭ অর্থবছরে ০৩ (তিন) মাস মেয়াদি "কিডনি ডায়ালাইসিস সেবা" বিষয়ে প্রশিক্ষণের নিমিত্ত সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/ স্পেশালাইজড হাসপাতাল/ জেলা সদর হাসপাতালে কর্মরত সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্সগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে:

০২। প্রার্থীর যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী:

- প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রার্থীর সরকারি চাকুরীকাল ন্যূনতম ০২ (দুই) বছর হতে হবে।
- এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা ৪০ বছর হতে হবে।
- প্রার্থীদের বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল হতে রেজিস্ট্রেশন নবায়ন থাকতে হবে।
- প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সক্ষম ও আগ্রহী হতে হবে।
- প্রার্থীর বিরুদ্ধে কোনো বিভাগীয় মামলা রজু থাকলে তিনি আবেদনের যোগ্য হবেন না।
- প্রশিক্ষন সম্পন্ন হওয়ার পর প্রার্থীদের যেকোনো সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- যদি কোন প্রার্থী তথ্য গোপন করে আবেদন করেন এবং যদি পরবর্তীতে তা প্রমাণিত হয় তবে তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- অসম্পূর্ণ আবেদন/ আবেদনে মিথ্যা তথ্য প্রদান করা হলে আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।
- নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে শর্তাবলীতে উল্লেখ নেই এমন বিষয়ে কতৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

০৩। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

| | |
|---|---|
| আবেদন শুরুর তারিখঃ | ২৪.০৮.২০২৬ খ্রিঃ |
| আবেদন শেষ তারিখঃ | ২৬.০৮.২০২৬ খ্রিঃ |

[**বিশেষ দ্রষ্টব্য:** আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৪.০৮.২০২৬ খ্রিঃ থেকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে স্ক্রলকৃত "কিডনি ডায়ালাইসিস সেবা" লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।]

২৩/০৮/২৫


বদরুল আলম
(উপসচিব)
পরিচালক (প্রশাসন)
ফোন: ৪১০৮০৮১৬
ই-মেইলঃ info@dgnm.gov.bd


স্মারক নং-৪৫.০৩.০০০০.০০১.২৫.০০১.২৪-২৭৩৭/১(৩২) তারিখঃ২৩/০৮/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. পরিচালক.....................................................................................।
৬. সিভিল সার্জন...............................................................................।



CS CamScanner

৭. তত্ত্বাবধায়ক, জেলা হাসপাতাল ......................................................।
৮. সেবা তত্ত্বাবধায়ক/ উপসেবা তত্ত্বাবধায়ক,.............................................।
৯. রেজিষ্ট্রার, নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, বিজয়নগর, ঢাকা।
১০. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১১. সহকারি-পরিচালক, পিএমআইএস, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১২. অফিস কপি।

২৬/০৮/২৫

পরিচালক (প্রশাসন)
ফোন: ৪১০৮০৮১৬



CamScanner